

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-১

নং-২০.৭০২.০৩২.০১.০২.২২৬.২০১২- ৪৬৯


তারিখঃ

১২ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কারণ দর্শানো।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা বেগম ফারহানা রহমান (পরিচিতি নং-০৫৮৫), সহকারী প্রধান-কে অস্ট্রেলিয়ান Lonsdale Institute, Melbourne এ Project Management বিষয়ে ডিপ্লোমা কোর্সে অধ্যয়নের জন্য পরিকল্পনা বিভাগের ০৯/০৪/২০১৫ তারিখের ২০.৭০২.০৩২.০১.০২.২২৬.২০১০-৩৮১ নং স্মারক মোতাবেক ১২/০৪/২০১৫ থেকে ১১/০৯/২০১৫ তারিখ পর্যন্ত ৬ (ছয়) মাসের অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে একই ছুটির ধারাবাহিকতায় গত ১২/০৯/২০১৫ থেকে ১১/১০/২০১৫ তারিখ পর্যন্ত আরো ১ (এক) মাসের অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। আপনার অনুকূলে মঞ্জুরীকৃত ছুটি ইতোমধ্যে শেষ হয়ে গিয়েছে। কিন্তু অদ্যাবধি আপনি কর্মস্থলে যোগদান করেননি এবং পরিকল্পনা বিভাগকে এ বিষয়ে অবহিত করেননি। আপনার এ ধরনের কর্মকান্ড শৃংখলার পরিপন্থি।

০২। এমতাবস্থায়, আপনার অনুকূলে মঞ্জুরীকৃত ছুটি শেষ হওয়ার পর অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ খলিফুর রহমান খান
উপ-সচিব
ফোনঃ ৯১১৬২৯০

বেগম ফারহানা রহমান (০৫৮৫)

সহকারী প্রধান

বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ।

বর্তমান ঠিকানাঃ

বাসা নং ডি-৪, ৫ম তলা, সালমা, ২৩/১ দিলু রোড, মগবাজার, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ

গ্রামঃ সর্দারপাড়া, পোঃ- কালিতলা, থানাঃ- কোতয়ালী, জেলাঃ- দিনাজপুর।

অনুলিপিঃ

০১। মহামান্য হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, অস্ট্রেলিয়া।

০২। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

০৪। অফিস কপি।